

অনলাইনে আবেদন শুরু কাল

নিজস্ব প্রতিবেদক >

রাজধানীর সরকারি স্কুলে ভর্তির আবেদন গ্রহণ শুরু হচ্ছে। ১ থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। এবারের ভর্তি প্রক্রিয়ায় www.gsa.teletalk.com.bd ওয়েবসাইটে তুকে আবেদন করতে হবে। প্রতিটি আবেদনের জন্য টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে ১৫০ টাকা ফি দিতে হবে। ইতিমধ্যে রাজধানীর ৩৫টি সরকারি স্কুলকে তিনটি ভাগে ভাগ করে ক্যাচমেন্ট এরিয়ায় ঘোষণা করা হয়েছে। একজন শিক্ষার্থী একটি ভাগে শুধু একটি স্কুল থেকে আবেদন করতে পারবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মডিুলি) অধিদপ্তর সূত্র জানায়, রাজধানীর ৩৫টি স্কুলের মধ্যে মাত্র ১৪টিতে প্রথম শ্রেণি রয়েছে। তাতে শূন্য আসনসংখ্যা ১৭৫০টি। প্রথম শ্রেণিতে ভর্তি লটারি অনুষ্ঠিত হবে ১৬ ডিসেম্বর। স্কুলগুলোয় দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'এ' গ্রুপের লিখিত পরীক্ষা ১৭ ডিসেম্বর 'বি' গ্রুপের লিখিত পরীক্ষা ১৮ ডিসেম্বর এবং 'সি' গ্রুপের লিখিত পরীক্ষা ১৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণিতে ভর্তি করা হবে। এবারই প্রথম স্কুলগুলোকে ৪০ শতাংশ এলাকা কোটা সংরক্ষণ করতে হবে। ইতিমধ্যেই এ ব্যাপারে ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ করা হয়েছে। তবে আবেদনের সময় এলাকা

রাজধানীর সরকারি স্কুলে ভর্তি

কোটার বিষয়ে অপশন থাকবে। আর ভর্তির সময় ক্যাচমেন্ট এরিয়ায় বিষয়ে প্রমাণপত্র দাখিল করতে হবে। এ জন্য অভিভাবকদের আইডি কার্ড, ইউটিলিটি বিল অথবা ভাড়াটিয়া হলে বাড়ির মালিক কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে প্রমাণপত্র আসত হলে কোনোভাবেই ভর্তি করা হবে না।

যেভাবে আবেদন করতে হবে : অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পর অভিভাবকরা একটি ইউজার আইডি পাবেন। এ আইডি ব্যবহার করে যেকোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে এসএমএসে আবেদন ফি জমা দেওয়া যাবে। ইউজার আইডিপ্রাপ্তদের পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে আবেদন ফি জমা দিতে হবে। এ জন্য দুটি এসএমএস করতে হবে আবেদনকারীকে। প্রথম এসএমএসে GSA স্পেস Yes স্পেস (ইউজার আইডি) লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে নামসহ একটি পিন নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় এসএমএস করতে হবে। দ্বিতীয় এসএমএসে GSA স্পেস Yes স্পেস পিন নম্বর (প্রথম এসএমএস হতে প্রাপ্ত) লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় এসএমএসে প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে www.gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।